FE The Financial Express

# Businesses hail budget as inclusive

## *Unconvinced about implementation*

FE REPORT



Nihad Kabir · Shams Mahmud · Abdus Salam Murshedy · Rubana Huq · Syed Ershad Ahmed

Business leaders have hailed the just-announced budget, saying it has addressed the impacts of Covid-19 and recovery measures from the crisis well.

Some, however, were sceptical about its implementation and termed the fiscal blueprint ambitious.

The Metropolitan Chamber of Commerce and Industry, Dhaka (MCCI) hailed some tax measures in the budget, including the individual's tax-free threshold and corporate tax reduction.

President Nihad Kabir told the FE on Thursday the government now needs to focus on how the budgetary measures will be implemented so that the country can make a speedy recovery from the current public health exigency.

She said the source tax is reduced for all export sectors, but there will be no significant benefits if the advanced income tax on the domestic industry is not curtailed.

Ms Kabir said though the allocation for the health sector has been slightly increased, "doubling or tripling the allocation would not bring any success without building up the capacity".

She emphasised proper utilisation of the allocations made for the education sector, especially to train up and develop the skills of youths.

Although the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) called the budget friendlier to both business and people, it found it "an ambitious recipe" for the next fiscal year.

The chamber's president Shams Mahmud, in his initial budget reaction, said the budget has set a GDP growth target at 8.2 per cent and that of inflation at 5.4 per cent.

"...the budget is a progressive and higher growth-oriented, which is appreciable," he said.

He also appreciated the initiatives offered for boosting investment and employment.

The budget is inclusive, though its expenditure is huge and it aims to increase investment, stimulus to the entrepreneurs, ensure social safety-net," he said.

Continued to page 7 Col. 1

Continued from page 1 col. 8

He argued the implementation of this huge budget is a big challenge: "we need to re-consider revenue the collection target."

Mr Mahmud recommended allocating more for the health sector under the annual development programme or ADP, considering the fast-deteriorating Covid-19 situation.

He hailed the proposal for lifting tax-free individual income slab, which may ease burden on taxpayers and more taxable people will be encouraged to pay levies.

Lauding the corporate tax cut by 2.5 per cent for non-listed companies, the DCCI president suggested the government consider a bit further so that entrepreneurs can sustain in post-Covid-19 era.

The Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA) has welcomed the expenses of the in these challenging times.

In her instant reaction, the association's president Dr Rubana Huq hailed the decision on keeping corporate tax rate unchanged for the apparel sector.

The apex apparel body also expressed "special gratitude" for offering tax waiver of artificial fibre production.

It praised the continuation of the 1.0 per cent extra incentives, reducing tax on yarn, VAT waiver of PPEs and masks production, continuing zero duty on cotton import, VAT rebate on the import of RFID tags, industrial rake, and cutting table.

The BGMEA, however, requested the government not to raise tax at source to 0.50 per cent from the existing 0.25 per cent.

The American Chamber of Commerce in Bangladesh (AmCham), in its reaction, hailed the government to take certain measures for protecting critical domestic industries in crisis.

The chamber, however, said the uncertainty over Covid-19 and consequent repercussions are creating added pressure on the economy.

AmCham president Syed Ershad Ahmed, in his reaction, demanded automation and introduction of e-payment and e-TDS system, reduction of the number of VAT payments from monthly to quarterly, modernisation of the customs law and disputes, and facilitating foreign direct investment.

President of the Exporters Association of Bangladesh (EAB) Abdus Salam Murshedy hailed the proposed budget, saying that the impacts of Covid-19 and recovery were well considered in the budget.

"The wellbeing of people has been taken into consideration in the budget and all sectors got required allocations," he said.

Mr Murshedy demanded quick disbursement of money from the incentives packages.

The Association of Mobile Telecom Operators of Bangladesh (AMTOB) said the government is weakening the mobile sector by imposing tax burden regularly and creating pressure on users.

In his instant reaction, the association' secretary-general S M Farhad said the goal of doubling the current 7.0 per cent contribution of the mobile sector to the country's GDP may not be achieved.

"This year, the government has increased the supplementary duty on all mobile services from 10 per cent to 15 per cent, which is very disappointing," he said adding this will put extra pressure on customers.

He requested the government to reconsider the budget proposal for the telecom sector.

Tour Operators Association of Bangladesh (TOAB) president Rafeeuzzaman, in his reaction, said only Tk 36.34 billion was allocated for the civil aviation and tourism ministry and the lion's share of which will go to civil aviation and Biman Bangladesh Airlines.

"We demanded Tk 250 billion as rescue package for the aviation, tourism and hospitality industry. Biman alone demanded Tk 50 billion. But finally the government has allocated such an amount, which is not enough for the promotion and recovery of the aviation and tourism sector," he said.

*syful-islam@outlook.com*

The Daily Star

# Bailout package bottleneck still a concern

## *Business leaders say*

REFAYET ULLAH MIRDHA *and* JAGARAN CHAKMA

Trade body and business chamber leaders said the economic recovery from the coronavirus pandemic is largely dependent on prompt implementation of the stimulus package.

Over-borrowing by the government from the banking sector will reduce fund flow to private sector during this crisis. Businesses said banks are not cooperating in quick disbursement of money from bailout packages.

The government will borrow Tk 84,980 crore from banks, which is 3.1 percent higher than the previous fiscal. Such borrowing by the government will create liquidity crisis for

SEE PAGE 14 COL 1

FROM PAGE 4

the private sector.

Shams Mahmud, president of Dhaka Chamber of Commerce and Industry recommended greater allocation for the health sector under the annual development programme (ADP) amid the Covid-19 pandemic.

He suggested cutting corporate tax a bit more so that entrepreneurs could sustain through to the post-coronavirus times. Mahmud said VAT calculation should be based on the product's value addition or its profit. He also urged for automated VAT return system, simplification of refund system.

He welcomed the government's stimulus to the industries, but urged for advance income tax waiver and waiver of advance tax on RMG, leather, jute and jute goods and agro-processing sector.

Due to lower export orders, the DCCI president said increasing source tax on RMG export from 0.25 percent to 0.5 percent will increase the challenges faced by the sector.

He requested that a reduction in source tax on RMG export be considered, and also welcomed the decision of one percent cash incentive to RMG export.

Mahmud urged for the formation of a high-powered advisory committee for the financial sector under the Bangladesh Bank, which will guide the financial sector amid the pandemic.

He urged for better private sector credit flow and easy access of loan under the stimulus. The budget allows investment of undisclosed money in real estate, stock market, bank deposits and national savings tools.

It will aid in flow of money to the economy through private investment, especially during this pandemic, Mahmud added.

Syed Ershad Ahmed, president of American Chamber of Commerce and Industry in Bangladesh (AmCham) appreciated the government's allocation of budget for technology, but said money needs to be invested in automating the National Board of revenue.

Ershad also said all ports in the country need to be developed -- both infrastructure and management -- for attracting Foreign Direct Investment (FDI). Railway and waterway services for both goods and passengers need to be modernised to ensure adequate supply chain management as well.

Welcoming the decision to reduce corporate tax for non-listed companies from 35 percent to 32.5 percent, Rupali Chowdhury, president of the Foreign Investors Chamber of Commerce and Industry said, "I hope the government will also reduce corporate tax for listed companies proportionately."

The budget has also earned praise from many. Chairman of Nitol Niloy Group Abdul Matlub Ahmad said this is an exceptional budget where the government tried to protect both the economy and low-income people.

Increasing the taxable income ceiling from Tk 2.5 lakh to Tk 3 lakh will help people as this will increase their purchasing power, especially post-coronavirus, Matlub said.

Alamgir Shamsul Alamin, president of the Real Estate and Housing Association of Bangladesh (REHAB) thanked the government for allowing investment of untaxed money in real estate and said it will be a boost for the sector.

However, the budget had its fair share of detractors.

Md Shahidullah, managing director of Metrocem Cement and first vice-president of Bangladesh Cement Manufacturers Association (BCMA) said the minimal reduction in the corporate tax will not help businesses much as they expected at least 10 percent corporate tax cut.

Manwar Hossain, group managing director of Anwar Group and chairman of Bangladesh Steel Manufacturers Association (BSMA) said the reduction in advance income tax in raw material import – from 5 percent to 4.45 -- in the proposed budget for the next fiscal year was very nominal and will create a burden on businesses.

He said the government could have reduce corporate tax to 20 percent in the next fiscal year, considering the impact of the novel coronavirus. Instead, it proposed to reduce it to 32.5 percent from 35 percent.

Manwar also expressed concern over the target in revenue collection as the period following the Covid-19 outbreak will be a difficult one for the economy. But he also mentioned his appreciation for the finance minister as he paid attention to the agriculture sector amid the crisis.

The targeted revenue of Tk 3,78,000 crores will be difficult to collect due to the negative impact of the pandemic on trade, commerce, industries, import, export and other services, said Muhammad Farooq, president of the Institute of Chartered Accountants of Bangladesh.

But there is no doubt the proposed budget is ambitious and involves many challenges in the implementation process. Impediments to on-time implementation of ADP projects should be addressed to achieve the GDP growth target set in the proposed budget, he said.

NEW AGE
THE OUTSPOKEN DAILY

# Business leaders hail proposed budget

Staff Correspondent

BUSINESS leaders on Thursday hailed the proposed national budget for FY21 for initiative to increase investment and employment but saw a big challenge in implementing the fiscal measures.

Terming the budget timely, they said that it was encouraging that the government emphasized on domestic industry and agriculture to overcome the impact of COVID-19 pandemic.

'The budget is inclusive one despite a huge

Continued on page 2 Col. 5

Continued from page 1

expenditure which aims to increase investment, stimulus to the entrepreneurs, ensure a social safety net,' Dhaka Chamber of Commerce and Industry president Shams Mahmud said in his reaction.

He, however, saw a big challenge in implementing the huge budget and urged the government to reconsider revenue collection targets.

Citing the huge deficit, he president said that to tackle the economic challenges this deficit budget should be utilised for the basic needs of the people.

Shams Mahmud recommended more allocation in health sector under ADP considering the COVID 19 situation.

He welcomed stimulus to the industries and urged advance income tax waiver and waiver of advance tax for RMG, leather, jute and jute goods and agro-processing sector.

He thanked the government for allowing investment of undisclosed money in the real estate, bank deposit, national savings tools and stock market saying that it would help inject money through private investment in the economy.

He hailed the allocation of Tk 95,574 crore for social safety net programme.

Bangladesh Garment Manufacturers and Exporters Association president Rubana Huq welcomed the expansion of the budget in the times of challenges.

'We welcome the corporate tax being unchanged for readymade garment and special gratitude for tax exemption for production of articulation fibre,' she said.

Rubana urged the government to continue the existing 0.25 per cent export source tax instead of proposed 0.50 per cent.

'In times of extreme uncertainties, the government's clear and compassionate understanding of the sector requirement is greatly appreciated and we remain ever indebted to our finance minister who has continued to support the sector to turn around,' the BGMEA president said.

Former Federation of Bangladesh Chambers of Commerce and Industry president Abdul Matlub Ahmad termed the proposed budget pro-people.

'This budget is to protect the people of the country defeating COVID-19,' he said.

In the proposed budget the government made allocations for all the big, medium and small businesses and at the same time the proposed budget would also ensure safety of vulnerable group in the society, Matlub said.

Bangladesh Chamber of Industries president Anwar-ul-Alam Chowdhury Parvez said that the proposed budget was good but more specific economic target for short term, midterm and long term was needed.

'Employment is the key to keep the economic momentum and the government would have to ensure timely and proper disbarment of the stimulus package,' he said.

Parvez also stressed on export diversification and skilled professionals to attain the required growth of the economy in future.

The New Nation

# Implementation a big challenge, reconsider revenue target: DCCI

**Staff Reporter**

In their initial reaction to the proposed budget for the 2020-21 fiscal year, the Dhaka Chamber of Commerce & Industry (DCCI) on Thursday urged to reconsider the revenue collection target as the budget would be difficult to implement.

DCCI President Shams Mahmud said: "It will be a big challenge to implement this huge budget since it is a huge expenditure budget which aims to increase investment, provide stimulus to entrepreneurs and ensure a social safety net. It needs to reconsider the revenue collection target.

"The NBR revenue collection target is Tk330,000 crore, which is 9.82% higher than the previous fiscal year. To attain this high target, NBR needs to widen its tax net, pending tax collection, and strengthen manpower at the upazila level for more tax collection. The tax burden should not be imposed on existing taxpayers," he added.

Describing the budget as "post-Covid-19 economic recovery-focused," the DCCI president said he appreciated the focus on attaining 8.2% GDP growth and keeping inflation to 5.4%, as well as the initiatives to increase investment and employment.

He recommended a higher allocation for the health sector under their annual development program (ADP) considering the Covid-19 situation. Contd on page 2 Col 4

"Skill development and infrastructure are much needed in the health sector to combat pandemics like the Covid-19 outbreak. Sufficient allocation is necessary to combat any pandemic in the future," the DCCI president said.

He proposed that health insurance be started and private hospitals are brought under proper monitoring.

"Although subsidies in the agriculture sector have been increased to Tk9,500 crore, and Tk5,000 crore has been allocated for Agriculture re-financing schemes to boost the agriculture sector, more storage capacity is needed," Shams Mahmud further said.

He also suggested cuts to corporate tax to help entrepreneurs cope with the post-Covid-19 situation.

The DCCI president welcomed the stimulus for industries in the proposed budget but expected waivers on advance income tax and advance tax for the RMG, leather, jute and jute goods, and agro-processing

daily sun
TRUE & IMPARTIAL

# Business leaders hail proposed budget

STAFF CORRESPONDENT

**Business** sector leaders have expressed satisfaction over the proposed budget for 2020-21 fiscal year as it focused on the realities of present economic condition caused by coronavirus pandemic.

Hailing the several budgetary measures driven by Covid-19, business leaders stressed the need for strict implementation of the moves that have been taken to revive the economy.

Federation of Bangladesh Chambers of Commerce and Industries (FBCCI) president Sheikh Fazle Fahim said the government has taken several measures which are business friendly and would help to revive the economy.

Reduction of advance income tax would encourage the new investment and woo the new entrepreneurs, said Fazle Fahim.

About decrease of advance tax to 4 percent from

Page 15 Col 8

the existing 5 percent on industrial raw materials, the FBCCI president said this tariff measure is business friendly.

In the face of coronavirus impact, the government had earlier declared huge stimulus package for the revival of business and economy.

The budget that Finance Minister AHM Mustafa Kamal placed on Thursday has direction to implement the packages.

"We have to work together and this year is the year of survival together," said Sheikh Fahim.

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) President Shams Mahmud in his immediate budget reaction hailed the budgetary moves for generating employment and reviving economy.

He also gave thanks to the government for decreasing individual income tax limit, reducing corporate tax, increasing tax free income limit and extending time for submitting VAT and tax.

THE ASIAN AGE
your access to information

# Budget ambitious but business friendly: DCCI

**AA News Desk**

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) President Shams Mahmud on Thursday said the proposed national budget for the 2020-21 financial year is an ambitious one but finds it as business-friendly. "The proposed budget is focused on rescuing the economy from the downfall due to coronavirus pandemic. Hence, it is a

▶See page 11 col 1

business-friendly one ... It is ambitious but positive," he said while talking to the media at a virtual briefing.

In an immediate reaction, the DCCI chief said the budget is an inclusive one despite it is a huge expenditure budget which aims to increase investment, stimulus to the entrepreneurs, and ensure social safety net.

"Implementing this huge budget is a big challenge and therefore, we need to reconsider revenue collection target," he said.

The DCCI chief said they welcome the facility of whitening black money and noted that the pressure on the internal economy will be looming due to the pandemic.

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস

সমকাল

## প্রতিক্রিয়া

# কঠিন সময়ে আশাব্যঞ্জক বাজেট



**শামস মাহমুদ,** সভাপতি, ঢাকা চেম্বার

প্রণোদনা প্যাকেজের আওতায় সহজতর উপায়ে ব্যবসায়ীদের ঋণ দেওয়া প্রয়োজন। এটি সম্ভব হলে মন্দা মোকাবিলায় অর্থনীতিকে পুনরুজ্জীবিত করতে ঘোষিত বাজেট সহায়ক হবে বলে মনে করেন ঢাকা চেম্বার অব কমার্সের সভাপতি শামস মাহমুদ। তিনি অর্থনৈতিক ক্ষতি যথাযথভাবে নিরূপণ করে প্রণোদনা প্যাকেজের পরিমাণ ও আওতা বৃদ্ধি করার প্রস্তাব দেন। তবে তিনি একে 'কঠিন সময়ে আশাব্যঞ্জক বাজেট' বলে মন্তব্য করেছেন। তাৎক্ষণিক বাজেট প্রতিক্রিয়ায় ঢাকা চেম্বার জানায়, বর্তমান বাজেটে রাজস্ব ঘাটতি ও অর্থায়ন বড় চ্যালেঞ্জ। লক্ষ্যমাত্রা অনুযায়ী জিডিপি প্রবৃদ্ধি অর্জন করতে হলে করোনা সংক্রমণ রোধ করা বাঞ্ছনীয়। যদিও এটি একটি ব্যয়বহুল বাজেট, এর মাধ্যমে বিনিয়োগ বৃদ্ধি, ব্যবসায়ীদের আর্থিক প্রণোদনা, সামাজিক নিরাপত্তা ব্যয় বৃদ্ধি ও জনগণকে করোনা-পরবর্তী পরিস্থিতি থেকে রক্ষায় যথেষ্ট বরাদ্দ থাকার কারণে এটি একটি অন্তর্ভুক্তিমূলক বাজেট হয়েছে। তবে এত বড় বাজেট বাস্তবায়ন অনেকটা চ্যালেঞ্জিং হবে। তাই রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা পুনর্বিবেচনা করার অনুরোধ করেন ঢাকা চেম্বারের সভাপতি।

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

# বাস্তবমুখী-ব্যবসাবান্ধব বলছেন ব্যবসায়ীরা

নিজস্ব প্রতিবেদক

প্রস্তাবিত বাজেট বাস্তবমুখী ও ব্যবসাবান্ধব বলে অভিহিত করেছেন ব্যবসায়ী নেতারা। তারা তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় বলেছেন, প্রস্তাবিত বাজেটে করপোরেট কর হ্রাসসহ বিনিয়োগ বাড়ানো এবং কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ নেওয়া হয়েছে, যা অর্জন করা কঠিন। তবে ব্যবসাবান্ধব এ বাজেট বাস্তবায়ন হলে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের যে ক্ষতি, তা পুষিয়ে নেওয়া যাবে।
গতকাল প্রস্তাবিত বাজেট নিয়ে তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় এ সব কথা বলেছে দেশের বাণিজ্য সংগঠনগুলো। ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেটকে বাস্তবমুখী বলে মনে করছে তৈরি বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)। সংগঠনটি বলেছে, তৈরি পোশাকশিল্পে উৎসে কর আরও কমিয়ে দশমিক ২৫ শতাংশ হারে আরও পাঁচ বছর অব্যাহত রাখার প্রস্তাব দিয়েছে সংগঠনটি। অর্থমন্ত্রী করোনার বাস্তবতার আলোকে গতানুগতিকতার বাইরে যাওয়ার চেষ্টা করেছেন। শ্রমিকদের সম্ভাব্য আর্থিক এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

[প্রথম পৃষ্ঠার পর] অভিঘাত থেকে সুরক্ষার জন্য ৫০০০ কোটি টাকার একটি মজুরি ঋণ সহায়তা প্যাকেজ দেওয়া হয়েছে, যার মাধ্যমে শিল্প একটি তাৎক্ষণিক বিপর্যয় এড়াতে সক্ষম হয়েছে। আশা করি, ক্ষুদ্র-মাঝারি শিল্পের জন্য ২০ হাজার কোটি টাকা ও বৃহৎ শিল্পের জন্য ৩০ হাজার কোটি টাকার ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ সহায়তা প্যাকেজ দুটিও বাণিজ্যিক ব্যাংকসমূহের মাধ্যমে দ্রুততার সঙ্গে বিতরণ করা হবে। বিজ্ঞপ্তিতে বলা হয়, আমরা কৃতজ্ঞ যে, বাজেট প্রস্তাবনায় তৈরি পোশাক শিল্প খাতে রপ্তানির বিপরীতে যে নগদ সহায়তাগুলো চালু আছে সেগুলো অব্যাহত রাখার এবং পাশাপাশি অতিরিক্ত এক শতাংশ বিশেষ নগদ সহায়তাও অব্যাহত রাখার ঘোষণা দেওয়া হয়েছে। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) বলেছে, এই ব্যবসাবান্ধব বাজেট বাস্তবায়ন হলে করোনার ক্ষতি পোষানো সম্ভব। বাজেটে করপোরেট কর হ্রাসসহ বিনিয়োগ বাড়ানো এবং কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ নেওয়া হয়েছে। যা অর্জন করা কঠিন। তবে ব্যবসাবান্ধব এ বাজেট বাস্তবায়ন হলে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের যে ক্ষতি, তা পুষিয়ে নেওয়া যাবে। সংগঠনটি আরও বলেছে, যেহেতু বাজেটের ঘাটতি ব্যয় মেটাতে আর্থিক খাতের ওপর নির্ভরতা বৃদ্ধি পেয়েছে এবং অর্থনীতিতে করোনা ঝুঁকি মোকাবিলায় ব্যাংকিং খাত ব্যাপকভাবে জড়িত, তাই বিশিষ্ট অর্থনীতিবিদ, গবেষক ও সাবেক বিশিষ্ট ব্যাংকারদের নিয়ে বাংলাদেশ ব্যাংকের সমন্বয়ে একটি শক্তিশালী আর্থিক খাত পরামর্শক কমিটি গঠন করার প্রস্তাব করছি, যা করোনা দুর্যোগের সময়ে আর্থিক খাত সঠিকভাবে পরিচালনার জন্য দিক-নির্দেশনা দেবে। প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ প্রদান প্রক্রিয়া সহজীকরণ ও খেলাপি ঋণ আদায়ে উদ্যোগ গ্রহণ করে বেসরকারি খাতে ঋণপ্রবাহ বৃদ্ধির জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ করছি। পাশাপাশি ব্যাংকিং খাত ব্যতীত বিকল্প অর্থ সংস্থানের জন্য শক্তিশালী পুঁজি বাজার ও বন্ড মার্কেট গঠনে কার্যকর পদক্ষেপ গ্রহণ ও বিদেশি দাতা সংস্থার কাছ থেকে শহজ শর্তে ঋণ নেওয়ার আহ্বান জানিয়েছে। বাজেট প্রতিক্রিয়ায় বাংলালিংক-এর সিইও এরিক অস বলেন, 'আমাদের গ্রাহকরা ইতিমধ্যেই উচ্চ করের বোঝা বহন করে টেলিকম সেবা গ্রহণ করছেন। এই পরিস্থিতিতে অতিরিক্ত ৫ শতাংশ সম্পূরক শুল্ক বৃদ্ধি করা হলে তা অপেক্ষাকৃত স্বল্প আয়ের গ্রাহকদের প্রভাবিত করবে। এর ফলে বাংলাদেশের ডিজিটালাইজেশনের প্রক্রিয়ায় তাদের অংশগ্রহণ সীমিত হয়ে পড়বে। ইন্টারনেট ব্যবহারকারীদের ওপর করোনা মহামারীর অর্থনৈতিক প্রভাবের কথা বিবেচনা করে ইন্টারনেটের ওপর থেকে ভ্যাট প্রত্যাহারেরও দাবি জানান। এ ছাড়া তিনি বলেন, আমরা ব্যবসায়িকভাবে এখনো লাভজনক অবস্থানে যেতে পারিনি, তাই সরকারকে অনুরোধ করব, আমাদের আয়ের ওপর ন্যূনতম করের হার যেন পুনর্বিবেচনা করা হয়।'

বণিক বার্তা
সমৃদ্ধির সহযাত্রী

### বাজেট প্রতিক্রিয়ায় ডিসিসিআই

# উচ্চ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নিয়ে ঘোষিত বাজেট আশাব্যঞ্জক

নিজস্ব প্রতিবেদক ■

বিশ্ব অর্থনীতি যখন নভেল করোনাভাইরাসের প্রাদুর্ভাবে বিপর্যস্ত, ঠিক এই কঠিন সময়ে অর্থনীতি পুনরুদ্ধারের লক্ষ্য নিয়ে ঘোষিত জাতীয় বাজেট ২০২০-২১-এ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ৮ দশমিক ২ শতাংশ ও মুদ্রাস্ফীতির লক্ষ্যমাত্রা ৫ দশমিক ৪ শতাংশ নির্ধারণ করা হয়েছে। মহামারীর এই সময়ে প্রগ্রেসিভ ও উচ্চ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নিয়ে ঘোষিত এ বাজেট আশাব্যঞ্জক বলে মনে করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল জাতীয় বাজেট-পরবর্তী এক তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় এমনটি জানিয়েছে ডিসিসিআই। গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ প্রতিক্রিয়া জানিয়েছে সংগঠনটি।

প্রতিক্রিয়ায় ডিসিসিআই বলছে, অতিরিক্ত রাজস্ব আহরণের জন্য করের আওতা বাড়ানো, অনাদায়ী কর আদায় ও মফস্বল শহরে রাজস্ব আহরণ বাড়াতে রাজস্ব বোর্ডের মাঠ পর্যায়ে জনবল বাড়ানো প্রয়োজন। বেসরকারি বিনিয়োগের ধারা অব্যাহত রাখতে বিদ্যমান করদাতাদের ওপর নতুন করে করবোঝা আরোপ না করে রাজস্ব আহরণ বাড়াতে হবে। এছাড়া প্রতি বছর ঘাটতি বাজেট ৫ শতাংশ ধরা হলেও এর কমই বাস্তবায়ন হয়। তাই অর্থনৈতিক মন্দা মোকাবেলায় এই ঘাটতি সহনশীল ও জনগণের মৌলিক চাহিদা পূরণে ব্যয় হতে পারে।

এবারের বাজেটে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) বরাদ্দ দেয়া হয়েছে ২ লাখ ৫ হাজার ১৪৫ কোটি টাকা। এডিপিতে সর্বোচ্চ বরাদ্দ দেয়া হয়েছে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং বিদ্যুৎ বিভাগে। কিন্তু ডিসিসিআই মনে করে, বর্তমান পরিপ্রেক্ষিতে নভেল করোনাভাইরাসের প্রাদুর্ভাব বিবেচনায় স্বাস্থ্য খাতে বরাদ্দ আরো বৃদ্ধি করা উচিত।

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB

# ব্যবসাবান্ধব বাজেট

**অর্থনৈতিক রিপোর্টার :** প্রস্তাবিত বাজেটে করপোরেট কর হ্রাসসহ বিনিয়োগ বাড়ানো এবং কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ নেয়া হয়েছে। যা অর্জন করা কঠিন। তবে ব্যবসাবান্ধব এ বাজেট বাস্তবায়ন হলে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের যে ক্ষতি, তা পুষিয়ে নেয়া যাবে বলে মনে করছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

বাজেট ঘোষণার পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় এ কথা জানান ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ। তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় লিখিত বক্তব্যে ডিসিসিআই জানায়, বিশ্ব অর্থনীতি যখন করোনাভাইরাসের প্রাদুর্ভাবে বিপর্যস্ত, ঠিক এই কঠিন সময়ে আজকের অর্থনীতি পুনরুদ্ধারের লক্ষ্য নিয়ে ঘোষিত জাতীয় বাজেট ২০২০-২১ এ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ৮ দশমিক ২ শতাংশ ও মুদ্রাস্ফীতির লক্ষ্যমাত্রা ৫ দশমিক ৪ শতাংশ নির্ধারণ করা হয়েছে। এই সময়ে এরূপ প্রোগ্রেসিভ ও উচ্চ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নিয়ে ঘোষিত বাজেট আশাব্যাঞ্জক। কিন্তু এ ধরনের প্রবৃদ্ধি অর্জন করতে হলে অর্থনীতির সকল ক্ষেত্রে উত্তরণ ঘটাতে হবে যা অনেকাংশে কঠিন। তবে বাজেটে বিনিয়োগ বাড়ানো ও কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগকে সাধুবাদ জানায় ডিসিসিআই।

কালের কণ্ঠ



# বিনিয়োগ বাড়ানোর উদ্যোগ আশাব্যঞ্জক

**শামস মাহমুদ**

সভাপতি, ডিসিসিআই

বিশ্ব অর্থনীতি যখন করোনাভাইরাসের প্রাদুর্ভাবে বিপর্যস্ত তখন দেশের জাতীয় বাজেটে বিনিয়োগ বাড়ানো ও কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। সংগঠনের সভাপতি শামস মাহমুদ জানান, দেশীয় বিনিয়োগ বৃদ্ধি এবং দেশীয় অপ্রদর্শিত অর্থ বিদেশে পাচার বন্ধে অপ্রদর্শিত অর্থ আবাসন, ব্যাংক আমানত, সঞ্চয়পত্র ও পুঁজিবাজারে সহজ শর্তে বিনিয়োগ করার সুযোগ দেওয়ার কারণে বর্তমান করোনা দুর্যোগের সময়ে অর্থনীতিতে কিছু বিনিয়োগ বৃদ্ধিতে সহায়ক হবে। তবে ক্যাশ, ব্যাংক ডিপোজিট, ফিন্যানশিয়াল স্কিম, ইনস্ট্রুমেন্ট, সেভিং ইনস্ট্রুমেন্ট ও সার্টিফিকেটে অপ্রদর্শিত অর্থ সহজ শর্তে ব্যয় করার সুযোগ দিলে পুঁজিবাজার ও আবাসন খাতে অপ্রদর্শিত আয় ব্যবহৃত না হয়ে ব্যাংকে সঞ্চয় বাড়বে। তা ছাড়া, করোনা দুর্যোগ মোকাবেলায় অর্থনীতির গুরুত্বপূর্ণ খাতভিত্তিক প্রটোকল প্রণয়ন, বিদেশি বিনিয়োগ আকর্ষণ করতে ডুয়িং বিজনেস ইনডেক্সে বাংলাদেশের অবস্থান উন্নয়নে অনলাইন প্ল্যাটফর্ম তথা ওয়ান স্টপ সার্ভিস সর্বত্র ব্যবহার করার সুযোগ সৃষ্টির জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করার অনুরোধ জানান।

দেশ রূপান্তর

### ডিসিসিআইর বাজেট প্রতিক্রিয়া

# বাস্তবায়ন হলে করোনার ক্ষতি পোষানো সম্ভব

নিজস্ব প্রতিবেদক

প্রস্তাবিত বাজেটে করপোরেট কর হ্রাসসহ বিনিয়োগ বাড়ানো এবং কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ নেওয়া হয়েছে। অর্জন করা কঠিন হলেও ব্যবসাবান্ধব এ বাজেট বাস্তবায়নে করোনার প্রাদুর্ভাবের ক্ষতি পুষিয়ে নেওয়া যাবে বলে মনে করছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

বাজেট ঘোষণার পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় গতকাল এ কথা জানান ডিসিসিআই সভাপতি শামস মাহমুদ। লিখিত বক্তব্যে ডিসিসিআই জানায়, বিশ্ব অর্থনীতি করোনার প্রকোপে বিপর্যস্ত। কঠিন এ সময়ে অর্থনীতি পুনরুদ্ধারের লক্ষ্য নিয়ে ঘোষিত ২০২০-২১ বাজেটে প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ৮ দশমিক ২ ও মুদ্রাস্ফীতির লক্ষ্যমাত্রা ৫ দশমিক ৪ শতাংশ নির্ধারণ করা হয়েছে। এ সময় এরূপ উন্নয়নশীল ও উচ্চ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নিয়ে ঘোষিত বাজেট আশাব্যঞ্জক। বিনিয়োগ বাড়ানো ও কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগকে সাধুবাদ জানায় ডিসিসিআই।

বাজেটের আকার ৫ লাখ ৬৮ হাজার কোটি টাকা, যা গত অর্থবছরের সংশোধিত বাজেটের তুলনায় ১৩ দশমিক ২৪ শতাংশ বেশি। মোট আয়ের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩ লাখ ৭৮ হাজার কোটি টাকা। এর মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) রাজস্ব আদায়ের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ৩ লাখ ৩০ হাজার কোটি টাকা, যা গত বছরের সংশোধিত বাজেটের তুলনায় ৯ দশমিক ৮২ শতাংশ বেশি। এছাড়া এনবিআরবহির্ভূত রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা বাড়ালেও গত অর্থবছরের তুলনায় করবহির্ভূত রাজস্ব পরিমাণ কমেছে ৫ দশমিক ৭২ শতাংশ। নতুন বাজেটে ঘাটতি ১ লাখ ৯০ হাজার কোটি টাকা যা মোট জিডিপির ৬ শতাংশ। প্রতি বছর ঘাটতি বাজেট ৫ শতাংশ ধরা হলে এর কমই বাস্তবায়ন হয়। তাই অর্থনৈতিক মন্দা মোকাবিলায় এ ঘাটতি সহনশীল ও জনগণের মৌলিক চাহিদা পূরণে ব্যয় হতে পারে।

আসন্ন অর্থবছর ব্যক্তিশ্রেণির আয়করের ন্যূনতম সীমা তিন লাখ টাকা করা হয়েছে। পাশাপাশি সরকার এবারের বাজেটে ডিসিসিআই প্রস্তাব অনুযায়ী সর্বনিম্ন করহার ৫ শতাংশ নির্ধারণ করেছে, যা সাধুবাদ পাওয়ার যোগ্য। করমুক্ত আয়সীমা বাড়ানো এবং সর্বোচ্চ করহার ২৫ শতাংশ নির্ধারণের কারণে করদাতাদের ওপর করবোঝা কিছুটা কমবে।

অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুজ্জীবিত করতে সরকার এ অর্থবছরে করপোরেট করহার কমিয়েছে, যা প্রশংসার দাবিদার। বিশেষত বেসরকারি খাতের ননলিস্টেড কোম্পানির ২ দশমিক ৫ শতাংশ করপোরেট ট্যাক্স কমানো হয়েছে। তবে করপোরেট করের হার বর্তমানে আরও কমানো প্রয়োজন। এতে করোনা প্রাদুর্ভাব-পরবর্তী ব্যবসায়ীরা টিকে থাকতে পারেন। যে পরিমাণ অর্থ আন্ডার বা ওভার ইনভয়েসিং করা হবে এবং যে পরিমাণ প্রদর্শিত বিনিয়োগ ভুয়া প্রমাণিত হবে তার ওপর ৫০ শতাংশ হারে কর আরোপের প্রস্তাব অর্থ পাচার রোধে ভূমিকা রাখবে। এ বছর দেশীয় শিল্পপ্রতিষ্ঠানের কাঁচামাল ও উপকরণ আমদানি করার ক্ষেত্রে অগ্রিম করের পরিমাণ ৫ শতাংশ থেকে কমিয়ে ৪ শতাংশ নির্ধারণ ও অগ্রিম কর সমন্বয়ে দুই কর মেয়াদের পরিবর্তে চার কর মেয়াদে সমন্বয় করার সুযোগ দেওয়া হয়েছে। তাছাড়া আমদানি পর্যায়ে অগ্রিম কর কমিয়ে দেশীয় উৎপাদনমুখী কাঁচামাল সরবরাহ সহজ করার পদক্ষেপ প্রশংসনীয়। তবে ভ্যাট আরোপ মূল্য সংযোজন বা মুনাফা অনুপাতে হতে হবে। পরিবহন কর রেয়াত ৮০ শতাংশ পর্যন্ত অনুমোদন ও ইউটিলিটি বিলগুলো উপকরণ কর রেয়াত অনুমোদন করার স্বাগত জানিয়েছে সংগঠনটি। ভ্যাট আইনের ৮৩ এর উপধারা ৪ অনুযায়ী সাধারণ রাজস্ব কর্মকর্তাকে ব্যবসাস্থল অনুমতিহীন পরিদর্শন ও হিসাব পরীক্ষা করতে দিলে হয়রানির আশঙ্কা থেকে যায়। অন্যদিকে আপিল ও ট্রাইব্যুনালে আবেদনের পূর্বে ১০ শতাংশের পরিবর্তে উভয় ক্ষেত্রে ২০ শতাংশ নির্ধারিত অর্থ জামানত হিসাবে দিতে হলে ব্যবসায়ীদের ন্যায়বিচার পাওয়া কঠিন হয়ে যাবে। কর নিরূপণে এনবিআরের কর্মকর্তার সিদ্ধান্ত চূড়ান্ত বিবেচিত হবে। তাই এ সিদ্ধান্তগুলোকে পুনর্বিবেচনার আহ্বান জানিয়েছে ডিসিসিআই।

রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্যানুযায়ী, করোনায় চলতি অর্থবছরের ১১ মাসে রপ্তানি কমেছে ১৮ শতাংশ। পোশাক শিল্প, চামড়া, পাট ও পাটজাতদ্রব্য, কৃষি প্রক্রিয়াজাতপণ্য এবং ওষুধ পণ্যের কাঁচামাল আমদানিতে অগ্রিম আয়কর অব্যাহতি ও অগ্রিম কর প্রত্যাহারের আবেদন জানানো হয়।

নয়া দিগন্ত

# বাজেট বাস্তবায়ন চ্যালেঞ্জিং হবে

## ঢাকা চেম্বার

● **অর্থনৈতিক প্রতিবেদক**

প্রস্তাবিত বাজেটকে অন্তর্ভুক্তিমূলক আখ্যা দেয়ার পাশাপাশি ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) পক্ষ থেকে বলা হয়েছে, এত বড় বাজেট বাস্তবায়ন অনেকটা চ্যালেঞ্জিং হবে। এ জন্য রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা পুনর্বিবেচনা করার অনুরোধ জানিয়েছে দেশের সর্ববৃহৎ এ ব্যবসায়িক চেম্বার। বাজেট ঘোষণার পরপরই তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় চেম্বারের পক্ষ থেকে বলা হয়, প্রণোদনা প্যাকেজের আওতায় ঘোষিত সরকারি সহায়তা সহজতর উপায়ে ব্যবসায়ীদের ঋণ প্রদান করা গেলে সম্ভাব্য মন্দা মোকাবেলায় অর্থনীতিকে পুনরুজ্জীবিত করতে ঘোষিত বাজেট সহায়ক হবে। পাশাপাশি অর্থনৈতিক ক্ষতি যথাযথভাবে নিরূপণ করে প্রণোদনা প্যাকেজের পরিমাণ ও আওতা বৃদ্ধি করার প্রস্তাব করছি। বর্তমান বাজেটে রাজস্ব ঘাটতি ও অর্থায়ন একটি চ্যালেঞ্জ। লক্ষ্যমাত্রা অনুযায়ী ■ ২য় পৃ: ৪-এর কলামে

*১ম পৃষ্ঠার পর*

জিডিপি প্রবৃদ্ধি অর্জন করতে হলে করোনা সংক্রমণ রোধ করা বাঞ্ছনীয়। যদিও এটি একটি ব্যয়বহুল বাজেট।

ডিসিসিআইর এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্ব অর্থনীতি যখন করোনাভাইরাসের প্রাদুর্ভাবে বিপর্যস্ত, ঠিক এই কঠিন সময়ে অর্থনীতি পুনরুদ্ধারের লক্ষ্য নিয়ে ঘোষিত জাতীয় বাজেট ২০২০-২১-এ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ৮.২% ও মুদ্রাস্ফীতির লক্ষ্যমাত্রা ৫.৪% নির্ধারণ করা হয়েছে। এই সময়ে এরূপ প্রোগ্রেসিভ ও উচ্চপ্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নিয়ে ঘোষিত বাজেট আশাব্যাঞ্জক কিন্তু এ ধরনের প্রবৃদ্ধি অর্জন করতে হলে অর্থনীতির সব ক্ষেত্রে উত্তরণ ঘটতে হবে যা, অনেকাংশে কঠিন। তবে বাজেটে বিনিয়োগ বাড়ানো ও কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগকে সাধুবাদ জানায় ডিসিসিআই। চেম্বারটির মতে, অতিরিক্ত রাজস্ব আহরণের জন্য করের আওতা বাড়ানো, অনাদায়ী কর আদায় ও মফস্বল শহরে রাজস্ব আদায় বাড়াতে রাজস্ব বোর্ডের মাঠপর্যায়ে জনবল বাড়ানো প্রয়োজন। বেসরকারি বিনিয়োগের ধারা অব্যাহত রাখতে বিদ্যমান করদাতাদের ওপর নতুন করে করবোঝা আরোপ না করে রাজস্ব আয় বাড়াতে হবে।

ব্যক্তিশ্রেণীর আয়করের ন্যূনতম সীমা ৩ লাখ টাকা করার পাশাপাশি সর্বনিম্ন করহার ৫% নির্ধারণ করার প্রস্তাবকে সাধুবাদ জানিয়ে বিজ্ঞপ্তিতে বলা হয়, অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুজ্জীবিত করতে সরকার এ অর্থবছরে করপোরেট ট্যাক্স হার হ্রাস করেছে যা, প্রশংসার দাবিদার। তবে ব্যক্তিপর্যায়ের ব্যবসায়ীদের জন্য ৩ কোটি টাকার ওপর টার্নওভার হলে ন্যূনতম ০.৫% হারে কর নির্ধারণ করার কারণে এই দুর্যোগপূর্ণ সময়ে করভার বৃদ্ধি পাবে। আমরা তা হ্রাস করার প্রস্তাব করছি। পাশাপাশি যে পরিমাণ অর্থ আন্ডার বা ওভার ইনভয়েসিং করা হবে এবং যে পরিমাণ প্রদর্শিত বিনিয়োগ ভুয়া প্রমাণিত হবে তার ওপর ৫০ শতাংশ হারে কর আরোপের প্রস্তাব অর্থ পাচার রোধে ভূমিকা রাখবে যা, প্রশংসনীয়।

ডিসিসিআইর বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণপ্রদান প্রক্রিয়া সহজীকরণ ও খেলাপি ঋণ আদায়ে উদ্যোগ গ্রহণ করে বেসরকারিখাতে ঋণ প্রবাহ বৃদ্ধির জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ করছি। পাশাপাশি ব্যাংকিং খাত ব্যতীত বিকল্প অর্থ সংস্থানের জন্য শক্তিশালী পুঁজি বাজার ও বন্ড মার্কেট গঠনে কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং বিদেশী দাতা সংস্থার নিকট থেকে সহজশর্তে ঋণ নেয়ার আহ্বান জানাচ্ছি। বেসরকারি খাতের বিনিয়োগ লক্ষ্যমাত্রা জিডিপির ২৫.৩% অর্জনে বেসরকারি খাতের ঋণ প্রবাহ বৃদ্ধি করা প্রয়োজন। প্রণোদনা প্যাকেজের আওতার বাইরে অন্যান্য ঋণ সহজ শর্তে বেসরকারি খাতে প্রদান এবং ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের ওয়ার্কিং ক্যাপিটালের ঘাটতি পূরণে কার্যকর উদ্যোগ গ্রহণের অনুরোধ করছি। আমরা প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ প্রদান করার শর্ত সহজ করা এবং অতীতে প্রদত্ত ঋণের মেয়াদ হ্রাসকরণসহ অনাদায়ী ঋণ আদায় করার ব্যাপারে গুরুত্বারোপ করছি। আশা করছি, এ ব্যাপারটি সরকার বিশেষ বিবেচনায় নেবে। পাশাপাশি ঋণপ্রাপ্তি সহজতর করার লক্ষ্যে আমরা ক্রেডিট গ্যারান্টি স্কিম চালু করার প্রস্তাব গুরুত্বের সাথে বিবেচনা করার জন্য অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ করছি। এতে করে ঋণ প্রাপ্তির বিষয়টি সহজতর হবে।

শেয়ার বিজ
The Daily Share Biz
সৃজনের পথে উন্নত স্বদেশ



**শামস মাহমুদ**
সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

# করোনার ওপর নির্ভর করছে বাস্তবায়ন

সামগ্রিকভাবে প্রস্তাবিত বাজেট করোনাভাইরাসের (কভিড-১৯) ছোবল থেকে অর্থনীতি পুনরুদ্ধারে সহায়ক। অর্থনীতি পুনরুদ্ধারে এ বাজেটে অনেক বিষয়েই ছাড় দেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে ব্যবসায়ীদের করছাড় ও ব্যক্তিগত কর আয়সীমা বৃদ্ধি—যা খুবই ইতিবাচক। কালোটাকা বিনিয়োগের সুযোগ দেওয়ায় অর্থের প্রবাহ বৃদ্ধি পাবে। যদিও আমি ব্যক্তিগতভাবে এর বিরোধী। বিনিয়োগ ও কর্মসংস্থানের জন্য উৎসাহব্যঞ্জক এ বাজেট।

এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

তবে একটি বিষয়ে আরও গুরুত্ব দেওয়া প্রয়োজন ছিল। দেশীয় ও বিদেশি বিশ্লেষকরা বলছেন, আগস্টে করোনা পরিস্থিতি সর্বোচ্চ চূড়ায় উঠতে পারে বাংলাদেশে। যদি এটি হয়, তাহলে সেপ্টেম্বর বা অক্টোবরেও অর্থনীতি স্বাভাবিক হওয়া শুরু করবে না।

আগামী জানুয়ারি-ফেব্রুয়ারিতেও যদি অর্থনৈতিক কর্মকাণ্ড স্বাভাবিক হওয়া শুরু করে, তাহলে উচ্চাভিলাষী এ বাজেট বাস্তবায়ন সম্ভব হবে না। আবার অর্থনীতি করোনা আক্রান্তের মধ্যেও রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা অনেক বেশি ধরা হয়েছে। এটি বাস্তবায়নে সরকারি কর্মকর্তারা ব্যবসায়ীদের হয়রানি করতে পারেন। অর্থনৈতিক কর্মকাণ্ড যদি স্বাভাবিক না হয়, তাহলে ব্যবসায়ীরা কর দিতে পারবেন না।

আবার অর্থনীতি পুনরুদ্ধারে প্রণোদনা প্যাকেজটি ঘোষণা করা হয়েছে তাৎক্ষণিকভাবে। কিন্তু করোনায় আমাদের অর্থনীতি কতটুকু ক্ষতিগ্রস্ত হলো, তার কোনো তথ্য এখনও করা হয়নি। আগামী বাজেটেও তার কোনো প্রতিফলন দেখা যাচ্ছে না।

করোনা পরিস্থিতির কারণে স্বাস্থ্য খাতের বরাদ্দ আরও বেশি লাগবে। শুধু বরাদ্দ দিলেই হবে না। এর সঠিক বাস্তবায়নও দরকার। প্রান্তিক পর্যায়ে স্বাস্থ্য বাজেট বাস্তবায়নে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। মোটা দাগে বললে, দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে স্বাভাবিক গতি ফিরিয়ে আনা ও উচ্চাভিলাষী বাজেট বাস্তবায়ন নির্ভর করছে করোনা পরিস্থিতির উন্নয়নের ওপর। বাজেট বাস্তবায়ন করতে হলে সরকারকে করোনা পরিস্থিতির দ্রুত উন্নয়নে সর্বোচ্চ মনোযোগ দিতে হবে। না হলে এ উচ্চাভিলাষী বাজেট বাস্তবায়ন সম্ভব হবে না।

দৈনিক জনকণ্ঠ
The daily janakantha

# উচ্চ প্রবৃদ্ধির বাজেটকে আশাব্যঞ্জক দেখছে ডিসিসিআই

**স্টাফ রিপোর্টার ॥** উচ্চ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নিয়ে ঘোষিত বাজেট আশাব্যঞ্জক হিসেবে দেখছে ঢাকা চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তবে বর্তমান

## করোনা বিবেচনায় স্বাস্থ্য খাতে বরাদ্দ বাড়ানো উচিত বলে মনে করে সংগঠনটি

প্রেক্ষিতে করোনাভাইরাস বিবেচনায় স্বাস্থ্য খাতে বরাদ্দ আরও বৃদ্ধি করা উচিত বলে মনে করছেন সংগঠনটি। তবে বাজেটে বিনিয়োগ বাড়ানো ও কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে ডিসিসিআই।

প্রতিক্রিয়ায় ডিসিসিআই জানায় , স্বাস্থ্য খাতের অবকাঠামো উন্নয়নে ১০ হাজার ৫৪ কোটি টাকা এডিপি বরাদ্দ করা হয়েছে। ডিসিসিআই মনে করে, এ খাতে বরাদ্দ আরও বৃদ্ধি করা উচিত এবং স্বাস্থ্য খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে এডিপি দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন। এছাড়া পদ্মা সেতু, এমআরটি, মাতারবাড়ি এলএনজি টার্মিনাল ও বে-টার্মিনালসহ ১০টি ফার্স্ট ট্র্যাক প্রকল্পের মধ্যে যা অর্থনৈতিক উন্নয়ন ও

*(১৫ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)*

জনসাধারণের জীবনযাত্রার সঙ্গে সরাসরি সংশ্লিষ্ট, সেসব প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করার অনুরোধ জানায়। পাশাপাশি, অন্য বৃহৎ প্রকল্পগুলো ভবিষ্যতে যেন অল্প সময়ে ও কম খরচে দ্রুত বাস্তবায়ন করা যায় তার জন্য রূপরেখা প্রণয়ন করার জন্য যথাযথ কর্তৃপক্ষকে আহ্বান করে। স্বাস্থ্য খাত নিয়ে আরও বলা হয় , করোনার মতো মহামারী রোধি অবকাঠামো নির্মাণ ও প্রয়োজনীয় মানবসম্পদের নিয়োগ প্রদান জরুরী। এছাড়া ভবিষ্যত মহামারী এবং জনস্বাস্থ্য বিষয়ে সচেতনতা তৈরিতে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা অত্যন্ত জরুরী। তাছাড়া, টেলিমেডিসিনকে প্রাতিষ্ঠানিক রূপ দিয়ে সহজে চিকিৎসাসেবা প্রদানকে উৎসাহিত করতে প্রয়োজনীয় নীতি সহায়তা দেয়া প্রয়োজন। এছাড়া, অগ্রাধিকার ভিত্তিতে ধারাবাহিকভাবে স্বাস্থ্যবীমা চালু করা এবং বেসরকারী হাসপাতালের চিকিৎসাসেবাকে যথাযথ মনিটরিং এর আওতায় নিয়ে আসা প্রয়োজন।

ডিসিসিআই জানিয়েছে, মোট আয়ের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩ লাখ ৭৮ হাজার কোটি টাকা। যার মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩ লাখ ৩০ হাজার কোটি টাকা যা বিগত বছরের সংশোধিত বাজেটের তুলনায় ৯.৮২% বেশি। তাই এই অতিরিক্ত রাজস্ব আহরণের জন্য করের আওতায় বাড়ানো, অনাদায়ী কর আদায় ও মফস্বল শহরে রাজস্ব আদায় বাড়াতে রাজস্ব বোর্ডের মাঠপর্যায়ে জনবল বাড়ানো প্রয়োজন। বেসরকারী বিনিয়োগের ধারা অব্যাহত রাখতে বিদ্যমান করদাতাদের ওপর নতুন করে করবোঝা আরোপ না করে রাজস্ব আয় বাড়াতে হবে। এছাড়া, রাজস্ব বোর্ড বহির্ভূত রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা বৃদ্ধি পেলেও বিগত অর্থবছরের তুলনায় করবহির্ভূত রাজস্বের পরিমাণ হ্রাস পেয়েছে ৫.৭২%। নতুন বাজেটে ঘাটতির

লাখ ৯০ হাজার কোটি টাকা যা মোট জিডিপির ৬%। প্রতিবছর ঘাটতি বাজেট ৫% ধরা হলে এর কমই বাস্তবায়ন হয়। তাই অর্থনৈতিক মন্দা মোকাবেলায় এই ঘাটতি সহনশীল ও জনগণের মৌলিক চাহিদা পূরণে ব্যয় হতে পারে। ডিসিসিআই জানায়, সরকার এবারের বাজেটে আমাদের প্রস্তাব অনুযায়ী সর্বনিম্ন কর হার ৫% নির্ধারণ করেছে, যা সত্যি সাধুবাদ পাওয়ার যোগ্য। করমুক্ত আয়সীমা বাড়ানো এবং সর্বোচ্চ কর হার ২৫% নির্ধারণ করার কারণে করদাতাদের ওপর করবোঝা কিছুটা হলেও লাঘব হবে বলে আশা করি। অর্থনৈতিক কর্মকাণ্ড পুনরুজ্জীবিত করতে সরকার এ অর্থবছরে কর্পোরেট ট্যাক্স হার হ্রাস করেছে যা প্রশংসার দাবিদার। জরিমানাবিহীন ভ্যাট ও ট্যাক্স প্রদানের সময়সীমা বৃদ্ধি করার জন্য সরকারকে ধন্যবাদ জানান।

ডিসিসিআই জানায়, যেহেতু বাজেটের ঘাটতি ব্যয় মেটাতে আর্থিক খাতের ওপর নির্ভরতা বৃদ্ধি পেয়েছে এবং অর্থনীতিতে করোনা ঝুঁকি মোকাবেলায় ব্যাংকিং খাত ব্যাপকভাবে জড়িত তাই বিশিষ্ট অর্থনীতিবিদ, গবেষক ও সাবেক বিশিষ্ট ব্যাংকারদের নিয়ে বাংলাদেশ ব্যাংকের সমন্বয়ে একটি শক্তিশালী আর্থিক খাত পরামর্শক কমিটি গঠন করার প্রস্তাব করছি যা করোনা দুর্যোগের সময়ে আর্থিক খাত সঠিকভাবে পরিচালনার জন্য দিকনির্দেশনা প্রদান করবে। প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণপ্রদান প্রক্রিয়া সহজীকরণ ও খেলাপী ঋণ আদায়ে উদ্যোগ গ্রহণ করে বেসরকারী খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান। পাশাপাশি ব্যাংকিং খাত ব্যতীত বিকল্প অর্থ সংস্থানের জন্য শক্তিশালী পুঁজি বাজার ও বন্ড মার্কেট গঠনে কার্যকর পদক্ষেপ গ্রহণ ও বিদেশী দাতা সংস্থার নিকট থেকে সহজ শর্তে ঋণ নেয়ার আহ্বান জানান।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ

## ব্যবসায়ীদের প্রতিক্রিয়া

# সময়োপযোগী ও ভালো বাজেট

**কাগজ প্রতিবেদক :** ২০২০-২১ অর্থবছরের প্রস্তাবিত বাজেটকে 'ভালো বাজেট' বলে আখ্যায়িত করেছেন ব্যবসায়ী নেতারা। এই বাজেট 'সময়োপযোগী' হয়েছে বলেও জানিয়েছেন তারা।

এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি ও নিটোল-নিলয় গ্রুপের চেয়ারম্যান আবদুল মাতলুব আহমাদ তার প্রতিক্রিয়ায় জানান, বাজেট ভালো হয়েছে। সময়োপযোগী বাজেট হয়েছে। উচ্চ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নিয়ে ঘোষিত বাজেট আশাব্যঞ্জক। বাজেটে কর্মসংস্থানের উদ্যোগের কথা বলা হয়েছে। বেসরকারি খাত, অভ্যন্তরীণ শিল্প, কৃষি, স্বাস্থ্য খাতের উন্নয়নের ওপর সবচেয়ে বেশি জোর দেয়া হয়েছে।

ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ড্রাস্ট্রির (ডিসিসিআই) নেতারা এক বিবৃতিতে প্রস্তাবিত বাজেটকে অর্থনীতি পুনঃরুদ্ধারের বাজেট বলে আখ্যায়িত করেছে। চেম্বারের তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় জানানো হয়, করোনা ভাইরাসের প্রদুর্ভাবে বিশ্ব অর্থনীতি যখন বিপর্যস্ত তখন এই বাজেট হচ্ছে অর্থনীতি পুনঃরুদ্ধারের বাজেট। এ সময়ে এ ধরনের প্রগ্রেসিভ ও উচ্চ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে অর্থনীতির সব ক্ষেত্রে উত্তরণ ঘটাতে হবে- যা খুবই কঠিন। তবে বাজেটে কর্মসংস্থান বাড়ানো এবং বিনিয়োগ বাড়ানোর উদ্যোগ ভালো।